দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 16 SEP 2007 ...
পৃষ্ঠা ৩ কলাম ৬

# ছয় মাসের সেশনজটের কবলে জগন্নাথ ভার্সিটি শিক্ষার্থীরা

**জবি সংবাদদাতা ॥** ছয় মাসের সেশনজটের কবলে পড়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। গত ২২ আগস্ট ছাত্র সহিংসতার ঘটনায় দীর্ঘ ৬৬ দিনের বন্ধ ও পূর্বের বিভিন্ন সময়ে অনির্ধারিত বন্ধ থাকার ফলে এ পরিস্থিতি সৃষ্টি হয়েছে।

যে কারণে জট বেঁধে গেছে বিভিন্ন বর্ষের পরীক্ষাগুলো। একই সঙ্গে অনুষ্ঠিত পরীক্ষার ফল প্রকাশেও হচ্ছে বিলম্ব। বিশ্ববিদ্যালয় উপাচার্য প্রফেসর ড. এসআই খান সেশনজটের কথা স্বীকার করে বলেন, আমরা যথেষ্ট চেষ্টা করেও সেশনজট থেকে রেহাই পাইনি। তিনি বলেন, তবে দীর্ঘ বন্ধের কারণে শিক্ষার্থীদের লেখাপড়ার যে ক্ষতি হবে তা বিশ্ববিদ্যালয় খোলার পর অতিরিক্ত ক্লাস নিয়ে পুষিয়ে নেয়ার চেষ্টা করব আমরা।

২০০৫ সালে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় হিসাবে যাত্রা শুরু করার পর দুই দফা শিবির ক্যাডারদের জঙ্গী হামলার শিকার হয় নবীন এই বিশ্ববিদ্যালয়টি। যে কারণে প্রায় এক মাসের মতো বন্ধ ছিল এই শিক্ষা প্রতিষ্ঠান। এরপর রাজনৈতিক দলগুলোর বিভিন্ন হরতাল-অবরোধের কারণেও মাঝেমধ্যে পিছিয়ে নেয়া হতো পরীক্ষাগুলো। সবশেষে গত ২১ ও ২২ আগস্ট দেশব্যাপী ছাত্র সহিংসতার ঘটনায় ২৩ আগস্ট থেকে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়। পরিস্থিতি শান্ত হলে বিশ্ববিদ্যালয় খোলার কথা থাকলেও গত ১১ সেপ্টেম্বর সিন্ডিকেটের সভায় আগামী ২৮ অক্টোবর বিশ্ববিদ্যালয় খোলার সিদ্ধান্ত নেয়া হয়। এতে ৬ মাসের সেশনজটের কবলে পড়েছে নবীন এই বিশ্ববিদ্যালয়। চলতি বন্ধের কারণে অনার্স ২য় বর্ষের পরীক্ষা ও ১ম পর্বের মিডটার্ম পরীক্ষা পিছিয়ে গেল। এভাবে প্রতি বিভাগের প্রত্যেক বর্ষের পরীক্ষা ক্রমান্বয়ে পিছিয়ে যাবে বলে মনে করছে শিক্ষক ও শিক্ষার্থীরা। এই দীর্ঘ বন্ধের কারণে বড় ধরনের সমস্যা হবে সেমিস্টার পদ্ধতির শিক্ষার্থীদের। এমনিতে শিক্ষক ও ক্লাসরুম সঙ্কটের কারণে তাদের নির্দিষ্ট ক্লাসগুলো শেষ করতে পারেনি বেশিরভাগ বিভাগই। এদিকে অনার্স তৃতীয় বর্ষের পরীক্ষা ৬ মাস আগে শেষ হলেও এখন পর্যন্ত ফল প্রকাশ করতে পারেনি কর্তৃপক্ষ। এই বন্ধের কারণে ফল প্রকাশের কার্যক্রমও পিছিয়ে গেল আরও ২ মাস।